2018

BENGALI LETTER WRITING, DRAFTING OF REPORTS, PRÉCIS WRITING, COMPOSITION AND TRANSLATION

Time Allowed—3 Hours

Full Marks—200

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

- নিম্নলিখিত যে কোনো একটি বিষয় সম্পর্কে আপনার অভিমত কোনো বাংলা দৈনিক পত্রিকার সম্পাদকের কাছে অনধিক ১৫০ শব্দের
 মধ্যে পত্রাকারে বিবৃত করুনঃ
 (নাম-ঠিকানার পরিবর্তে X,Y,Z লিখুন)
 - (ক) বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার
 - (খ) পরিবেশ দৃষণ ও তার প্রতিকার
 - (৯) নারী নির্যাতন ঃ ঘরে ও বাইরে
- 2. নিম্নলিখিত বিষয় সম্পর্কে ২০০ শব্দের মধ্যে একটি সম্পাদকীয় প্রতিবেদন লিখুনঃ 'বাক স্বাধীনতার অধিকার সর্বাপেক্ষা জরুরি'

40

3. নিম্নলিখিত অংশের সারমর্ম লিখুনঃ

40

পৃথিবীতে যাহার দিকে তাকাও দেখিবে— সে নিজের অবস্থায় অসম্ভুষ্ট। দরিদ্র্য কিসে ধনী হইবে সেই চিন্তায় উদ্বিগ্ন; ধনী চোর-ডাকাতের ভয়ে ব্রস্তু, রাজা শব্রুর ভয়ে ভীত। এককথায় পৃথিবীতে এমন কেহ নাই যে পূর্ণ সূখে সুখী! অথচ কৌতুকের বিষয় এই— পৃথিবী ছাড়িয়া যাইতেও কেহ প্রস্তুত নহে। মৃত্যুর নাম শুনিলেই দেখি মানুষের মন শুকাইয়া যায়। মানুষ যতই দরিদ্র্য হউক, সপ্তাহের পর সপ্তাহ, যদি অনাহারে কাটাতেই হয়, পৃথিবী কোনো আরামই যদি ভাগ্যে না থাকে তথপি সে মৃত্যুকে চাহে না। সে যদি কঠিন পীড়ায় পীড়িত হয়, যদি শয্যা হইতে উঠিবার শক্তিও না থাকে, তথাপি সে মৃত্যুর প্রার্থী হইবে না। কে না জানে যে শত বৎসরের পরমায়ু থাকিলেও একদিন না একদিন মরিতে হইবে।

4. অনুচ্ছেদটি পাঠ করে তার ভিত্তিতে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিনঃ

 $10 \times 4 = 40$

জন্তুর অবস্থাও যেমন, স্বভাবও তার অনুগত। তার বরাদ্দও যা, কামনাও তার পিছনে চলে বিনা বিদ্রোহে। তার যা পাওনা তার বেশি তার দাবি নেই। মানুষ বলে বসল, 'আমি চাই উপরি-পাওনা।' বাঁধা বরাদ্দের সীমা আছে, উপরি-পাওনার সীমা নেই। মানুষের জীবিকা চলে বাঁধা বরাদ্দে, উপরি-পাওনা দিয়ে প্রকাশ পায় তার মহিমা।

জীবনধর্মরক্ষার চেস্টাতেও মানুষের নিরন্তর একটা দ্বন্ধ আছে। সে হচ্ছে প্রাণের সঙ্গে অপ্রাণের দ্বন্ধ। অপ্রাণ আদিম, অপ্রাণ বিরাট। তার কাছ থেকে রসদ সংগ্রহ করতে হয় প্রাণকে, মালমসলা নিয়ে গড়ে তুলতে হয় দেহযন্ত্র। সেই অপ্রাণ নিষ্ঠুর মহাজনের মতো, ধার দেয় কিন্তু কেবলই টানাটানি করে ফিরে নেবার জন্যে, প্রাণকে দেউলে করে দিয়ে মিলিয়ে দিতে চায় পঞ্চভূতে।

এই প্রাণচেন্টাতে মানুষের শুধু কেবল অপ্রাণের সঙ্গে প্রাণের দ্বন্ধ নয়, পরিমিতের সঙ্গে অপরিমিতের। বাঁচবার দিকেও তার উপরি-পাওনার দাবি। বড়ো করে বাঁচতে হবে, তার অন্ধ যেমন-তেমন নয়; তার বসন, তার বাসস্থান কেবল কাজ চালাবার জন্যে নয়— বড়োকে প্রকাশ করবার জন্যে। এমন-কিছুকে প্রকাশ, যাকে সে বলে থাকে 'মানুষের প্রকাশ', জীবনযাত্রাতেও যে প্রকাশে ন্যূনতা ঘটলে মানুষ লজ্জিত হয়। সেই তার বাড়তি ভাগের প্রকাশ নিয়ে মানুষের যেমন দুঃসাধ্য প্রয়াস এমন তার সাধারণ প্রয়োজন মেটাবার জন্যও নয়। মানুষের মধ্যে যিনি বড়ো আছেন, আহারে বিহারেও পাছে তাঁর অসম্মান হয় মানুষের এই এক বিষম ভাবনা।

Please Turn Over

ঋজু হয়ে চলতে গিয়ে প্রতি মুহূর্তেই মানুষকে ভারাকর্ষণের বিরুদ্ধে মান বাঁচিয়ে চলতে হয়। পশুর মতো চলতে গেলে তা করতে হত না। মনুষ্যত্ব বাঁচিয়ে চলাতেও তার নিয়ত চেষ্টা, পদে পদেই নীচে পড়বার শঙ্কা। এই মনুষ্যত্ব বাঁচানোর দ্বন্দ্ব মানবধর্মের সঙ্গে পশুধর্মের দ্বন্দ্ব, অর্থাৎ আদর্শের সঙ্গে বাস্তবের।

- ক্রি) 'জন্তুর অবস্থাও যেমন, স্বভাবও তার অনুগত' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
- (খ) 'প্রাণের সঙ্গে অপ্রাণের দৃন্দ্র' বিষয়টি কী?
- (প) 'মানুষের প্রকাশ' বলতে লেখক কী বুঝিয়েছেন?
- (ঘ) মনুষ্যত্ব বাঁচানোর দ্বন্দকে 'আদর্শের সঙ্গে বাস্তবের' দ্বন্দ হিসাবে দেখা হল কেন?

5. নিম্নলিখিত অনুচ্ছেদটি বঙ্গানুবাদ করুন ঃ

40

One day Sir Isaac Newton went out of his room leaving on the table a heap of papers containing his long research on the theory of light. There was on the floor of the room lying his pet dog, Diamond. No sooner had he gone then the dog jumped upon the table and upturned the lighted candle and the papers immediately caught fire. Returning after a few minutes Newton found that all his hard labour of twenty years had been reduced to ashes. But the great scientist patted the dog on the head exclaiming, "Oh; Diamond, you don't know what you have done!"